# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

**BENGALI**

*India's National Spiritual Newspaper*

₹ 10/-

REACHING NATIONS

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor : Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol XXVII YEAR OF OUR LORD JESUS CHRIST, 2025 JULY No 06


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

গীত ৮: ১-৯

১। হে সদাপ্রভু, আমার প্রভু, সমস্ত পৃথিবীতে তোমার নাম মহিমান্বিত! তুমি আকাশমণ্ডলের উর্ধ্বে তোমার মহিমা স্থাপন করেছ!

২। তুমি ছেলেমেয়েদের ও শিশুদের প্রশংসার মাধ্যমে তোমার শত্রুদের বিরুদ্ধে দুর্গ স্থাপন করেছ;শত্রু ও বিপক্ষদের স্তব্ধ করার উদ্দেশে।

৩। যখন আমি তোমার আকাশমণ্ডল পর্যবেক্ষণ করি, তোমার হাতের কাজ, চাঁদ ও তারার দিকে দেখি যা তুমি নিজস্ব স্থানে রেখেছ,

৪। মানবজাতি কি যে, তাদের কথা তুমি চিন্তা করো? মানুষ কি যে, তার তুমি যত্ন করো?

৫। তুমি তাদের স্বর্গদূতদের চেয়ে সামান্য ছোট করেছ এবং তাদের গৌরব ও সম্মানের মুকুটে ভূষিত করেছ।

৬। তোমার হাতের সকল সৃষ্টির উপর তাদের কর্তৃত্ব দিয়েছ; এসব কিছু তাদের পায়ের নিচে রেখেছ:

৭। সব মেষপাল ও গো-পাল, ও যত বন্য পশু;

৮। আকাশের যত পাখি, সমুদ্রের যত মাছ, যা সমুদ্র প্রবাহে সাঁতার কাটে।

৯। হে সদাপ্রভু, আমাদের প্রভু, সমস্ত পৃথিবীতে তোমার নাম মহিমান্বিত!

## YOU ARE CHOSEN TO BEAR FRUIT!

## ফল বহন করার জন্য আপনি মনোনীত!



(অবৈতনিক প্রধান সম্পাদিকা: রেভা.অ্যাঞ্জেলীন সেলভাকুমারী)

আমাদের তুলনাহীন প্রভু এবং ত্রাণকর্তা, যীশু খ্রীষ্টের নামে আপনাদের শুভেচ্ছা জানাই!



২০২৫ সালের অর্ধ মাসে অনুগ্রহপূর্ণভাবে আমাদের পদার্পণ করতে দেওয়ার জন্য আমরা ঈশ্বরকে ধন্যবাদ দিই এবং তাঁর প্রশংসা করি! তাঁর বিশ্বস্ততা মহৎ!

আমরা যখন এ বছরে সামনে অগ্রসর হচ্ছি, আমি আশ্চর্য হচ্ছি যে আমাদের মধ্যে কত জন তাদের নতুন বছরের সংকল্পগুলি ধরে রেখেছেন। আজ আমরা যা তা গতকাল আমরা যে সিদ্ধান্তগুলি নিয়েছি এবং যে মনোনয়নগুলি আমরা করেছি তার ফল। একইভাবে, আগামীকাল আমরা কোথায় থাকবো তা আজকে আমরা যে মনোনয়নগুলি তৈরী করেছি তার ওপর নির্ভর করবে। প্রত্যেকটি পছন্দগুলি বিভিন্ন পরিণতিগুলি বহন করে।

প্রতিদিন আমাদের অগণিত সিদ্ধান্ত গ্রহণের সম্মুখীন হতে হয় - কী খাবো, কী পরবো, কোথায়

(ক্রমশঃ, ৩পাতায়)




তাঁর আহ্বানের প্রতিধ্বনি

**ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল!**

আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

**Message & Prayer in 5 minutes!!**

ইংরেজি, হিন্দি, তামিল ও তেলুগু

Every day – From 2.00 A.M.

৫ মিনিটের বাণী!!

তামিল এবং তেলেগু - ভোর ৫টা

তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)



## *from your dearly beloved brother...*

REACHING NATIONS



**আমাদের মিশনের নীতি**

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।


**HON. EDITOR-IN-CHIEF**
Rev. Angeline S. Kumari, M.A., M.Sc., M.Ed.

**EX MANAGING EDITOR**
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.

**GENERAL MANAGER**
Bro. N. Prakasam, M.A., M.Sc.(C&P), PGDHRM., MBA.

**ADMINISTRATION**
Sis. Jesy Veena Sam
Adv. K. Puratchivendan, M.Com., C.A., B.L.
Dr. P.E.R. Premchand, M.Sc., M.A., M.Ed., Ph.D.
Dr. C.G.S. Baburao, B.Tech., M.Tech. (DM), Ph.D.
Dr. Rabinder Boaz, M.S. (CMC)

**EDITORIAL BOARD**
Dr. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Sis. Sajini Cherian
Rev. Dr. K.R. Rajasekaran
Rev. Dr. William Robert, Ph.D., DD, D.Lit.



**EDITOR, PUBLISHER & PRINTER**
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 98412 71858 95661 31858

**E.MAIL**
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in

**WEBSITES**
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.org

**YOUTUBE CHANNEL**
Echo of His Call


**"কেননা সদাপ্রভু তোমার বিশ্বাসভূমি হইবেন, ফাঁদ হইতে তোমার চরণ রক্ষা করিবেন"**

**(হিতোপদেশ ৩:২৬)।**

খ্রীষ্টে প্রিয় বন্ধুগণ,

আমাদের প্রভু এবং ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের মূল্যবান নামে আপনাদের উষ্ণ শুভেচ্ছা জানাই!

আমাদের ঈশ্বরের সার্বভৌম অনুগ্রহের দ্বারা, আমরা এক অত্যন্ত বিশেষ জুন মসের মধ্যে দিয়ে এসেছি। এটি ছিল আমাদের পরিচর্যার বিভিন্ন দিকে ব্যস্ত কার্যলাপে পরিপূর্ণ। তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকা, গসপেল প্রিণ্টিং প্রেস, প্রধান এবং শাখা মণ্ডলীগুলি, বাইবেলকোর — বাইবেল করেসপণ্ডেস কোর্স ( ভিত্তিমূলক), থিওলজি করেসপণ্ডেস কোর্স, নহিমিয় বাইবেল কলেজগুলি, সেণ্টপলস ম্যাট্রিকুলেশন খ্রীষ্টান ইংলিস হাইস্কুল, ছুটিকালীন শিশুদের পরিচর্যা, ইয়ূথ মিনিস্ট্রি, হাসপাতাল পরিষেবা, পুরুষ ও মহিলা পরিষেবাগুলি, মিশন কেন্দ্রগুলি, ইউটিউব পরিষেবা, এবং আমাদের প্রশাসনিক দল এবং পরিবারগুলিসহ আরও অসংখ্য অন্যান্য কাজগুলি।

এই বিভিন্ন পরিচর্যাগুলিতে শত শত সমর্পিত ব্যক্তিরা বিশ্বস্তভাবে পরিশ্রম করেছেন। আমাদের মূল নেতারা প্রার্থনা, কৌশলগত পরিকল্পনা, এবং ক্ষেত্র থেকে আগত তথ্যগুলি পর্যালোচনা করার জন্য মাসিক সমাবেশে একত্রিত হয়েছিলেন। আমরা ঈশ্বরের অনুগ্রহের প্রাচুর্যের জন্য প্রভুর কাছে কৃতজ্ঞ।



**মণ্ডলীতে মাসিক প্রার্থনার জন্য প্রধান নেতানেত্রীগণ একত্রিত হয়েছিলেন**

২০২৫ সালের ৭ই জুন, সেণ্টপলস্ ম্যাট্রিকুলেশন বিদ্যালয় প্রাঙ্গনে তরুণ-তরুণীদের শিবিরে, ২০০ জন বালক বালিকারা যোগদান করেছিল। এটি ছিল অভিষেকের এক শক্তিশালী সময়, যেহেতু তরুণ-তরুণীরা ভবিষ্যতের জন্য তাদের স্বর্গীয় দর্শন এবং আহ্বান লাভ করে। আমরা ইতিমধ্যেই তাদের জীবনে প্রকৃত আত্মিক রূপান্তরের সূচনা দেখতে


**Our Ministries:** ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) BIBLECOR - Postal Courses (3 languages) YouTube Ministry Online Courses Theological Correspondence Courses (2 languages) Church Planting Nehemiah Bible Colleges Gospel Printing Press Great Commission Partners St. Paul's Matriculation School Crusades Community Development






তরুণ-তরুণীদের জন্য বিশেষ শিবির

পাচ্ছি, এবং উল্লেখযোগ্যভাবে, তাদের নবায়িত জীবনও তাদের পরিবারগুলির মধ্যে ইতিবাচক পরিবর্তনে অনুপ্রাণিত করছে - বিশেষ করে তাদের বাবা ও মায়ের ওপর। তাঁর আত্মার এই মহান স্পন্দনের জন্য আমরা ঈশ্বরকে সমস্ত গৌরব দান করি!

গত ২০ শে জুন থেকে ২২ শে জুন তারিখে চেন্নাইয়ে অবস্থিত আমাদের প্রধান মণ্ডলীতে এবং সন্তোষপুরমে অবস্থিত আমাদের শাখা মণ্ডলীতে অনুষ্ঠিত পরিবার আশীর্বাদ শিবিরগুলির জন্য আমরা ঈশ্বরকে ধন্যবাদ দিই। ঈশ্বর অনুগ্রহপূর্ণভাবে তাঁর আশীর্বাদ ঢেলে দিয়েছেন এবং আমরা প্রচুর শস্য সংগ্রহ করার সাক্ষী হয়েছি। আপনাদের বিশ্বস্ত প্রার্থনার জন্য ধন্যবাদ!

আমাদের সমস্ত পরিচর্যাকারীদের জন্য এবং আমাদের বহুমুখী পরিচর্যা কাজগুলির সঙ্গে যুক্ত আছি, তার জন্য অবিরত প্রার্থনার জন্য আমরা আপনাদের কাছে বিনীত অনুরোধ করছি। যেহেতু আমরা অন্ধকারের শক্তির বিরুদ্ধে আত্মিক যুদ্ধে সামনের সারিতে আছি, সেহেতু আমাদের বিভিন্ন চ্যালেঞ্জ এবং বাধার সম্মুখীন হতে হচ্ছে। আপনাদের প্রার্থনাগুলি এবং সাহায্য আমরা ভাষায় প্রকাশ করতে পারবো না।

ঈশ্বর আপনাদের প্রচুর আশীর্বাদ করুন।

***তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিবার।***

E.mail : sam@echoofhiscall.org

(ক্রমশঃ, ১ পাতার পর)

কাজে যাবো, এবং ইত্যাদি। আমরা কোনও কিছু উপলব্ধি না করেই শতশত সিদ্ধান্ত তৈরী করি।

এই সিদ্ধান্তগুলির মাঝে,যীশু খ্রীষ্টের কণ্ঠস্বর শুনুন, তিনি বলছেন, “আমি তোমাকে মনোনীত করেছি!”

যোহন ১৫:১৬ পদে বলা হয়েছে, **“তোমরা যে আমাকে মনোনীত করিয়াছ, এমন নয়, কিন্তু আমিই তোমাদিগকে মনোনীত করিয়াছি...।”**

এই পদটি আমাদের নিজেদের দৃঢ় সংকল্পকে চ্যালেঞ্জ জানায়। আমরা প্রায়ই আমাদের সিদ্ধান্তগুলির বিষয় গর্ব করি, বিশেষ করে আমাদের আত্মিক জীবনে চলার বিষয়। কিন্তু যীশু খ্রীষ্ট ঐ দৃষ্টিভঙ্গিটিকে সম্পূর্ণ উল্টে দিয়েছেন। শুরু থেকেই, ঈশ্বর আমাদের তাঁর নিজের কাছে টেনে আনছেন।

প্রাচীন ইহুদী প্রথায় শিষ্যরাই তাদের রব্বিদের খুঁজে বের করতো। কিন্তু যীশু খ্রীষ্ট এই প্রথাকে উল্টে দিয়েছেন- তিনিই আমাদের বেছে নিয়েছেন।

### ১। পাঠের প্রাসঙ্গিকতাটি উপলব্ধি করুন!

এই পদটির গভীরতা হৃদয়ঙ্গম করার জন্য, যীশু খ্রীষ্ট যে প্রসঙ্গে এটি বলেছিলেন সেই বিষয়টি

## অত্যন্ত জরুরী বিজ্ঞপ্তি




অদূর ভবিষ্যতে **তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ডাক মারফৎ প্রেরণের বিষয় অবশ্যম্ভাবী বাধার সম্মুখীন হতে পারে। আপনি যদি বাধাহীনভাবে নিয়মিত পত্রিকাটি পেতে চান, তাহলে এখনই পত্র, ইমেল, ফোন কল, অথবা এসএমএস/ হোয়াটস্ অ্যাপ বার্তার মাধ্যমে আপনার নাম, ঠিকানা, ইমেল, হোয়াটস্ অ্যাপ নম্বর পাঠিয়ে দিন।

আপনার সহায়তা আরও উত্তমরূপে পরিষেবা দিতে আমাদের সাহায্য করবে!

**Our address:**

**ECHO OF HIS CALL,**
10, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005, India
Cell: (+91) 98412 71858 / 98410 71858 E.mail: sam@echoofhiscall.org



## প্রার্থনার অনুরোধ

অনুগ্রহ করে ২০২৫ সালের ৮-১০ই আগস্ট পর্যন্ত আমাদের ৩ দিনের পারিবারিক শিবির অনুষ্ঠানটির বিষয় আপনাদের প্রার্থনায় তুলে ধরুন।

বিবেচনা করা গুরুত্বপূর্ণ - ঐতিহাসিক ঘটনাকাল এবং ঐ সময় তাঁর শিষ্যদের আবেগ সংক্রান্ত অবস্থা।

## ২। ঐতিহাসিক পাঠ্য প্রসঙ্গ

যীশুর শেষ নিস্তারপর্বের ভোজের সময় যীশু খ্রীষ্ট যোহন ১৫:১৬ পদটির কথা বলেছিলেন- এই মূহুর্তটি ইহুদী লোকদের কাছে অত্যন্ত অর্থপূর্ণ ছিল, যেহেতু এটি তাদের একটি জাতি হিসাবে পরিচিতি এবং উদ্ধারের স্মারক উদ্‌যাপন অনুষ্ঠানে সমৃদ্ধ ছিল। এই পবিত্র সমাবেশে, ঈশ্বরের লোক হওয়ার অর্থটি পুনরায় নিরূপণ করেছিলেন।

তিনি সম্ভবতঃ যিরূশালেমে তাঁর বারোজন শিষ্যের সঙ্গে ভাড়া গৃহের উপরের কুঠুরীতে বসেছিলেন। এখানেই তিনি প্রভুর ভোজের প্রবর্তন করেছিলেন। আর এই একই প্রস্তুতির মধ্যে, তিনি তাঁর শেষ শিক্ষাগুলি দিয়েছিলেন - তাঁর বিদায়ী ভাষণ দিয়েছিলেন। এটি কোনও সাধারণ মন্তব্য ছিল না; এটি ছিল তাঁর প্রস্থানের পর শিষ্যদের প্রস্তুতি এবং টিকে থাকার উদ্দেশ্যে অত্যন্ত জরুরী কতগুলি সত্য।

এটি ছিল এই চূড়ান্ত মূহুর্তগুলিতে যীশু খ্রীষ্টের কথাগুলির আপাতকালীনতা এবং গুরুত্বের বিষয়ের উপর বিশেষ আলোকপাত। স্বর্গীয় ভবিষ্যবাণীসহ এবং প্রেমপূর্ণভাবে, গভীর উদ্দেশ্যে এই কথাগুলি বলা হয়েছিল।

## ৩। শিষ্যদের আবেগসংক্রান্ত অবস্থা

শিষ্যদের মানসিক এবং আবেগসংক্রান্ত অবস্থার কথা কল্পনা করুন। তারা প্রায় তিন বছর যীশুর সঙ্গে ছিলেন-তাঁর সঙ্গে একসাথে চলতেন,ভোজন করতেন, এবং দিন-রাত তাঁর কাছ থেকে শিক্ষা গ্রহণ করতেন। সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে, তারা স্বেচ্ছায় এবং মনেপ্রাণে তাঁকে অনুসরণ করার জন্য তাদের নিজেদের সমস্ত কিছু ত্যাগ করে এসেছিলেন।

এখন, হঠাৎ তারা তাদের প্রভুর কাছ থেকে এই হতাশার কথা শুনছেন যে তাঁকে মরতে হবে, কারণ তাদের মধ্যে একজন তাঁর সঙ্গে বিশ্বাসঘাতকতা করবে, এবং আরেকজন তাঁকে অস্বীকার করবে। সুতরাং তাদের মধ্যে যে ভয়ঙ্কর আলোড়ন হচ্ছিল তা কি আপনি কল্পনা করতে পারেন? তাদের পায়ের তলার সারা জগৎ কেঁপে উঠেছিল।

সম্ভবত আপনারা যারা এই রচনাটি পাঠ করছেন তারা ঠিক একই জায়গায় আছেন - যেখানে আপনার পৃথিবী, আপনার আশা,এবং আপনার আস্থা হারিয়ে যাচ্ছে বলে আপনার মনে হচ্ছে। আপনি জিজ্ঞাসা করতে পারেন, আমি কি আঁকড়ে ধরে থাকতে পারি? যদি আপনার ক্ষেত্রে এরকম হয়, এটি জানবেন: আপনার জন্য ঈশ্বরের একটি বিশেষ বার্তা আছে।

সব থেকে অপ্রত্যাশিত মুহূর্তে-বিশেষ করে সঙ্কটের সময়গুলিতে গুরুত্বপূর্ণ শিক্ষাগুলো আমাদের দৃষ্টিগোচর হয়। ঠিক এই ধরণের একটি মুহূর্তেই যীশু খ্রীষ্ট তাঁর শিষ্যদের উদ্দেশে এই কথাগুলি বলেছিলেন: ফলবহন করা। কিন্তু এই ধরণের চ্যালেঞ্জের সময় কীভাবে একজন ব্যক্তি ফল উৎপন্ন করতে পারে?

এই প্রতিবেদনটি দুটি ভাগে উপস্থাপন করা হবে। এই মাসে, আমরা যোহন ১৫:১৬ পদের প্রথম অংশটি নিয়ে গভীরভাবে আলোচনা করবো। পরের মাসে আমরা ফলবহন করার- মনোনয়নের পশ্চাতে যে উদ্দেশ্য আছে তা আবিষ্কার করবো।

## ১। স্বর্গীয় নির্বাচন

### ঈশ্বরের পছন্দের চারটি দিক আছে!

### (ক) ঈশ্বর সম্পর্কের বিষয় উদ্যোগী হন!

পবিত্র শাস্ত্রে সংগতিপূর্ণভাবে প্রকাশ করা হয়েছে যে ঈশ্বরই হচ্ছেন সেই ব্যক্তি যিনি সম্পর্কের বিষয় উদ্যোগী হন। যীশু খ্রীষ্ট বলেছিলেন, **"কিন্তু আমিই তোমাদিগকে মনোনীত করিয়াছি।"** এখানে "মনোনীত" শব্দটির গ্রীক শব্দটি হচ্ছে ইকলেগোমাই (eklegomai), যার অর্থ হচ্ছে বেছে নেওয়া অথবা তুলে নেওয়া। ইফিষীয় ১:৪ পদে এই একই সত্য প্রতিধ্বনিত হয়েছিল: "...তিনি জগৎপত্তনের পূর্বে খ্রীষ্টে আমাদিগকে মনোনীত করিয়াছিলেন..."।

আমাদের ঈশ্বরকে খুঁজে পাওয়ার বিষয়টিকে বিশ্বাস করার আমাদের মানুষের প্রবণতাকে এটি চ্যালেঞ্জ জানায়, যখন, বাস্তব সত্যটি হল, তিনি আমাদের অন্বেষণ করছেন। হারানোর মেষের নীতিগল্পটি বিবেচনা করুন: মেষপালক হারানো মেষটিকে খুঁজতে গিয়েছিলেন। সেই একই ভাবে, আমাদের প্রেমময় উত্তম মেষপালক আপনাকে এবং আমাকে খোঁজার জন্য এবং পিতার সঙ্গে আমাদের পুনরায় মিলিত করার জন্য এসেছিলেন।

এই স্বর্গীয় মনোনয়ন কোনও বিধি বহির্ভূত নয়, আবার যথেচ্ছও নয়- এটি উদ্দেশ্য প্রণোদিত এবং গভীর ভাবে ব্যক্তিগত। পৃথিবীর সমস্ত মানুষের মধ্যে থেকে, ঈশ্বর আপনাকে মনোনীত করেছেন। কি অবিশ্বাস্য সুযোগ!

আসুন আমরা এই ভিত্তিমূলক সত্যটি স্মরণ করি: আমাদের অস্তিত্ব উদ্দেশ্য প্রণোদিত। আপনি এবং আমি উদ্দেশ্যসহ সৃষ্ট হয়েছিলাম। আমরা সৃষ্টির কোনও যথেচ্ছ উৎপন্ন দ্রব্য নই - আমরা ঈশ্বরের মনোনীত,পরিকল্পনা দ্বারা নির্মিত।

### (খ) যোগ্যতা না থাকা সত্ত্বেও প্রাপ্ত অনুগ্রহ

আমাদের কৃতিত্ব অথবা আমাদের সম্পাদিত কার্যের ভিত্তিতে ঈশ্বর আমাদের মনোনীত করেননি। রোমীয় ৯:১১-১২ পদ আমাদের দৃষ্টিগোচর করে যে যাকোব এবং এষৌ কোনও খারাপ অথবা ভালো কাজ করার আগেই মনোনীত হয়েছিলেন। এটি স্পষ্ট দেখায় যে আমরা যা করি - অথবা আমরা যা করতে ব্যর্থ হই তার দ্বারা আমরা ঈশ্বরের অনুগ্রহ অর্জন করতে পারি না- কিন্তু এটি আমাদের বিনামূল্যে প্রদত্ত হয়। এটি অনুগ্রহের প্রকৃতি: একটি উপহার যা পাওয়ার যোগ্যতা আমাদের নেই। এই সত্যটি আমাদের কাজের ভিত্তিতে তৈরী ধর্মের থেকে আমাদের মুক্ত করে।

সুতরাং, যদি সঙ্গতিপূর্ণভাবে বাইবেল পাঠ করেননি অথবা প্রার্থনা করেননি বলে আপনাদের মধ্যে কেউ নিরুৎসাহিত হওয়ার অনুভূতি লাভ করে থাকেন, তাহলে আপনি মনে করবেন না যে আপনি হারিয়ে যাওয়ার কারণে পরিণত হয়েছেন। আমাদের কার্যকলাপের থেকে আমাদের যোগ্যতা আসে না, কিন্তু ঈশ্বরের অনুগ্রহ থেকে আমাদের যোগ্যতা আসে!

যাইহোক, প্রার্থনায় লিপ্ত থাকা, বাক্য পাঠ করা, এবং তাঁর সঙ্গে সময় অতিবাহিত করার মাধ্যমে আমরা তাঁর সঙ্গে আমাদের সম্পর্ককে বৃদ্ধি করতে পারি, তাঁর ইচ্ছা জানতে পারি, এবং তাঁকে সন্তুষ্টকারী জীবন যাপন করতে পারি। প্রভুর সঙ্গে

*(ক্রমশঃ, ৬ পাতায়)*

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)

### প্রার্থনার অনুরোধসমূহ (১৯শে জুলাই থেকে ১৮ই আগস্ট, ২০২৫)



(অনগ্রহ করে এই পষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

(অনগ্রহ করে এই পষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

## প্রশংসার বিষয়সমূহ

**জুলাই ১৯ :** ২০২৫ -২০২৬ শিক্ষাবর্ষে সেণ্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল এবং নহিমিয় বাইবেল কলেজের ভর্তি প্রক্রিয়াকে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২০:** আমাদের সমস্ত সহযোগী সম্পাদকদের এবং তাদের পরিবারগুলির প্রতি তাঁর অনুগ্রহের জন্য।

**দিন ২১:** আমাদের মণ্ডলীগুলিতে সেবাদানকারী সমস্ত পাস্টর এবং স্বেচ্ছাসেবকদের জন্য।

**দিন ২২:** গ্লোবাল ভিসন ফর ইয়ুথ এ্যাণ্ড কিড কেয়ার পরিষেবাগুলির উপর তাঁর আশীর্ব্বাদের জন্য।

**দিন ২৩:** আমাদের প্রধান মণ্ডলীতে নতুন বিশ্বাসীদের যোগ করার জন্য।

**দিন ২৪:** সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে সুসমাচার প্রসারিত করতে সক্ষম করার জন্য।

**দিন ২৫:** আমাদের মিশন কর্মীদের অবিচলিত প্রতিশ্রুতিবদ্ধতার জন্য।

**দিন ২৬:** সমস্ত দেশগুলিকে সুরক্ষার জন্য।

**দিন ২৭:** নতুন পরিত্রাণ প্রাপ্ত লোকদের অভিষেক করার জন্য এবং আমাদের মণ্ডলীর সহভাগিতার মধ্যে নিয়ে আসার জন্য।

**দিন ২৮:** আমাদের রাজ্য সমন্বয়কদের এবং তাদের সহভাগিতাগুলির মধ্যে নেতৃত্ব এবং ঐক্যের জন্য।

**দিন ২৯:** আমাদের বিশ্বস্ত সমর্থকদের অবিরত প্রার্থনা এবং উদার আর্থিক সাহায্যের জন্য।

**দিন ৩০:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের উপর ঈশ্বরের করুণার জন্য।

**জুলাই ৩১:** আমাদের গসপেল প্রিণ্টিং প্রেসের অবিরত কাজ চালিয়ে যাওয়া এবং এর দক্ষ কর্মীদের জন্য।

**দিন ০১:** আমাদের গ্রামীন সেণ্ট পলস্ ম্যাট্রিকুলেশ স্কুলের সমর্পিত এবং পেশাদার শিক্ষক শিক্ষিকাদের নিযুক্তির জন্য।

**দিন ০২:** পাস্টর এস. স্যাম সেলভারাজের উপর আশীর্ব্বাদের প্রাচুর্যের জন্য।

**দিন ০৩:** ১৯৬৯ সাল থেকে আমাদের পত্রিকা পরিষেবার প্রতি আমাদের প্রতিশ্রুতিবদ্ধতাকে অবিরত আশীর্ব্বাদের জন্য।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ০৪:** সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে সুসমাচারসহ পৌছানোর বিষয়ে ঈশ্বরের অনুগ্রহের জন্য।

**দিন ০৫:** সমস্ত ধর্মগুলির মধ্যে ঐক্য এবং সংহতির জন্য।

**দিন ৬:** সারা পৃথিবীতে যেন শান্তি বজায় থাকে।

**দিন ৭:** মহিলা এবং শিশুদের বিরুদ্ধে সমস্ত রকমের হিংস্রকার্যকলাপ উচ্ছিন্ন করার জন্য।

**দিন ৮:** আমাদের সমস্ত সহযোগী সম্পাদকদের এবং তাদের পরিবারগুলির সুস্বাস্থ্য এবং শক্তির জন্য।

**দিন ৯:** সমস্ত দেশগুলির মধ্যে ন্যায়পরায়ণতা এবং ধার্মিকতার জন্য।

**দিন ১০:** যেহেতু আজ আমাদের তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি ৫৭ বছরে প্রবেশ করছে, সেহেতু ঈশ্বরের অবিরত পরিচালনার জন্য।

**দিন ১১:** আমাদের বরিষ্ঠ পালক রেভা. এস. স্যাম সেলভারাজের সমস্ত পরিকল্পনাগুলির উপর ঈশ্বরের আশীর্ব্বাদের জন্য।

**দিন ১২:** সমস্ত দেশের পরিকল্পনা এবং উন্নয়নের প্রতিটি দিকে ঐক্য এবং সামগ্রিক উন্নতির জন্য।

**দিন ১৩:** সারা পৃথিবীর লোকদের সমস্ত প্রয়োজনগুলি পূরণের জন্য।

**দন ১৪:** বিশ্বব্যাপী আর্থিক মন্দার সমাপ্তির জন্য।

**দিন ১৫:** ছুটিকালীন বাইবেল স্কুলে যে শিশুরা যীশু খ্রীষ্টের ভালোবাসার স্পর্শ লাভ করেছে তারা যেন প্রভুতে বৃদ্ধি পায় এবং বিশ্বস্তভাবে মণ্ডলীতে যোগদান করে।

**দিন ১৬:** সমস্ত মিশনারী এবং ঈশ্বরের লোকদের উপর যেন সমস্ত হিংসাত্মক ঘটনার অবসান হয়।

**দিন ১৭:** পরিবারগুলিকে বিভাজনের উদ্দেশে শয়তানের সমস্ত বিনাশকারী কার্যকলাপের যেন অবসান হয়।

**দিন১৮:** ঈশ্বরের সন্তানদের উপর আত্মিক এবং বস্তুগত সমস্ত আশীর্ব্বাদের জন্য প্রার্থনা করুন।

*(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)*

আমাদের যাত্রা বকস্‌গুলো পরীক্ষা করে দেখা অথবা কার্য সম্পাদনকারী লক্ষ্যগুলো পূরণ করা নয়; এটি হচ্ছে বিশ্বাসে জীবনযাপন করা - তাঁর অনুগ্রহে বিশ্বাস রাখা যা পাওয়ার যোগ্যতা আমাদের নেই।

এই কারণেই যীশু খ্রীষ্ট এই জগতে এসেছিলেন; তিনি ক্রুশে মৃত্যুবরণ করেছিলেন, সমাধিস্থ হয়েছিলেন, এবং তৃতীয় দিনে আবার উত্থিত হয়েছিলেন। তিনি এক সম্ভ্রমকারী, সার্বভৌম শক্তির অধিকারী ঈশ্বর। এর কারণ আমরা কে সেটা নয় - এর কারণ হচ্ছে তিনি কে!

## (গ) আমরা তাঁর প্রেমের দ্বারা মনোনীত হয়েছি!

তৃতীয়ত, ঈশ্বরের মনোনয়নের পশ্চাতে প্রেরণা ছিল ভালোবাসা। দ্বি.বি. ৭:৭-৮ পদে প্রকাশ করা হয়েছে যে **ইস্রায়েলের বিপুল জনসংখ্যার জন্য অথবা তারা চিত্তাকর্ষক ছিল বলে ঈশ্বর তাদের মনোনীত করেননি, কিন্তু সরলভাবে তিনি তাদের ভালোবাসার কারণে মনোনীত করেছিলেন।** তাঁর প্রেমপূর্ণ স্বভাবের থেকে তাঁর নির্বাচন উদ্ভুত হয়েছিল, আমাদের যোগ্যতা থেকে নয়।

ঈশ্বর আমাদের অতীতের কথা স্মরণ না করে আমাদের ভালোবাসেন। ঈশ্বরের ভালোবাসা থেকে কিছুই আমাদের বিচ্ছিন্ন করতে পারে না। আপনি যদি কখনও তাঁর ভালোবাসার অভিজ্ঞতা লাভ না করে থাকেন, অথবা আপনি যদি তাঁর ক্রুশ বহন করতে দ্বিধাগ্রস্ত হন, তাহলে এই বাণীটি আপনার জন্য। ঈশ্বর ক্ষুদ্র অথবা তুচ্ছ দল নির্বিশেষে যে কোনও ব্যক্তির মাধ্যমে কাজ করতে পারেন- যে বিষয়টি গুরুত্বপূর্ণ সেটি হচ্ছে তারা তাঁকে ভালোবাসে কিনা।

## ঘ) ব্যক্তিগত মনোনয়ন!

ঈশ্বরের মনোনয় গভীরভাবে ব্যক্তিগত। যিশাইয় ৪৩:১ পদে বলা হয়েছে, **"...আমি তোমার নাম ধরিয়া তোমাকে ডাকিয়াছি, তুমি আমার।"** যীশু খ্রীষ্ট ব্যক্তিগতভাবে তাঁর শিষ্যদের মনোনীত করেছিলেন। তিনি তাদের ব্যক্তিত্ব, শক্তি, এবং দুর্বলতা সম্পর্কে সম্পূর্ণ সচেতন ছিলেন।

ঈশ্বরের আহ্বানের এই ব্যক্তিগত দিকটি সান্ত্বনা এবং তাৎপর্য উভয় নিয়ে আসে। আমাদের যথেচ্ছভাবে তুলে আনা হয়নি - আমরা ব্যক্তিগতভাবে মনোনীত, জ্ঞাত হয়েছি এবং ঈশ্বরের ভালোবাসা পেয়েছি। (আমার পর পুনরাবৃত্তি করুন):

"আমি একজন যথেচ্ছ ভাবে মনোনীত নই - আমি ঈশ্বরের বিশেষ পছন্দের। দ্বিতীয় নই, কিন্তু শ্রেষ্ঠ।"

১ পিতর ২:৯ পদে, আমরা পাঠ করি:

**"কিন্তু তোমরা মনোনীত বংশ, রাজকীয় যাজকবর্গ, পবিত্র জাতি, (ঈশ্বরের) নিজস্ব প্রজাবৃন্দ, যেন তাঁহারাই গুণকীর্ত্তন কর, যিনি তোমাদিগকে অন্ধকার হইতে আপনার আশ্চর্য জ্যোতির মধ্যে আহ্বান করিয়াছেন।"**

ঈশ্বর আমাদের সুনিশ্চিত করছেন যে আমরা তাঁর মনোনীত বংশ। মনে রাখবেন, আমরা কেবল মনোনীত নই - আমরা ঈশ্বরের ব্যক্তিগত, উদ্দেশ্যপ্রণোদিত পছন্দ।


কীভাবে আমরা সবজি বাজারে কেনাকাটা করি সেই বিষয়ে চিন্তা করুন: যে জিনিসগুলো সব থেকে ভালো এবং আকাঙ্ক্ষিত, সেই জিনিসগুলো আমরা তুলে নিই। একই ভাবে, ঈশ্বর স্বাধীনভাবে এবং প্রেমসহ আমাদের তাঁর নিজের জন্য তুলে নিয়েছেন। সত্যিই এটা আমাদের জন্য কত মহান সুযোগ যে রাজাদের রাজা, এই বিশ্বজগতের প্রভু, তাঁর মনোনীত বংশ হিসাবে আমাদের বেছে নিয়েছেন!

## ২। ঈশ্বরের মনোনয়নের নমুনা

সমগ্র পবিত্র শাস্ত্রে, আমরা ঈশ্বরের মনোনয়নের একটি সঙ্গতিপূর্ণ নমুনা দেখতে পাই: তিনি প্রায়ই অসদৃশ সদস্যদের মনোনীত করেছেন। তাঁর পছন্দগুলি আগাম বলা যায় না, দম্ভহীন, এবং নিঃশর্ত।

## (ক) অব্রাহাম

আদি ১২: ১-৩ পদে, ঈশ্বর কলদীয়দের উর দেশ ছেড়ে একটি অজ্ঞাত জায়গায় - বিশ্বাসের যাত্রায় যাওয়ার জন্য আহ্বান করেছিলেন। সেই সময় অব্রাহামের বয়েস ছিল ৭৫ বছর, তিনি নিঃসন্তান ছিলেন, তথাপি ঈশ্বর তাঁকে অসংখ্য জাতির পিতা হওয়ার বিষয় প্রতিজ্ঞা করেছিলেন।



*অব্রাহাম তাঁর স্ত্রী সারার সম্পর্কে মিথ্যা কথা বলেছিলেন*

তিনি কি ত্রুটিহীন ছিলেন? অবশ্যই নয়। তিনি তাঁর স্ত্রী সারার সম্পর্কে মিথ্যা কথা বলেছিলেন, রাজা অবীমেলকের হাত থেকে নিজেকে রক্ষা করার জন্য তিনি তাকে বোন বলে পরিচয় দিয়েছিলেন (আদিপুস্তক ২০)। তিনি হাগারকে গ্রহণ করেছিলেন এবং পরে হাগারকে এবং তার পুত্রকে

*(ক্রমশঃ, ৯ পাতায়)*


# নহিমিয় বাইবেল কলেজসমূহ

শিক্ষাগত যোগ্যতা: ১০ম শ্রেণী এবং তদুর্দ্ধ

চীপক্ এবং সন্তোষপুরম্, ভেলাচেরী চেন্নাই

ভর্তির জন্য সত্বর যোগাযোগ করুন! মাধ্যম: তামিল (আংশিক সময়),হিন্দি: (আবাসিক) (সন্তোষপুরমে সুপ্রাপ্য),

ঈশতত্ত্বে ডিপ্লোমা

আন্তর্জাতিক খ্রীষ্টান নের্তৃবৃন্দ এবং সিনিয়র পাস্টরদের দ্বারা 55 বছর যাবৎ স্বীকৃত

নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করুব:

**The Chaiman: Nehemiah Bible College, Echo of his Call.**

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.

Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858

E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

## MAIN CHURCH PROGRAMMES

1. Prayer Service : 24 hours
2. **ECHO OF HIS CALL** - Monthly Magazines :English, Tamil, Malayalam, Telugu, Hindi, Kannada, Marathi, Gujarati, Bengali, Odiya, Nepali, Assamese, Punjabi, Urdu, Sinhala & Afrikan.
3. **BIBLECOR** - Basic Bible Courses (English, Tamil & Hindi)
4. Theological Correspondence Courses: English & Tamil
5. Nehemiah Bible Colleges (Chepauk, Santhoshapuram & Velachery)
6. Great Commission Partners (Network of Pastors)
7. Training Programmes – Seminars & Retreats
8. Crusades
9. Literature Distribution and Follow Up
10. Gospel Printing Press - Publications
11. St. Paul's Matriculation School - Village English High School
12. Sunday Schools (Chepauk) : 10.30 a.m. Sunday & (Velachery, Balaji Nagar & Santhoshapuram) 3.00 p.m. Sunday
13. **Early Morning Service : 5.30 a.m. Sunday**
14. **Preliminary Service : 8.00 a.m. Sunday**
15. **Tamil Service : 8.30 a.m. Sunday**
16. **Youth Meeting : 11.00 a.m. Sunday**
17. **Fellowship Lunch : 1.00 p.m. Sunday**
18. **Telugu Service : 4.00 p.m. Sunday**
19. **Hindi Service : 5.00 p.m. Sunday**
20. **Tamil & English Service : 6.00 p.m. Sunday**
21. Feedback Time : 7.30 p.m. Sunday
22. Women's Prayer : 5.30 p.m. Wednesday
23. Men's Prayer : 7.30 p.m. Friday
24. Discipleship Meeting : 6.00 p.m. Saturday
25. House Meetings : 6.30 p.m. Tuesday & Thursday
26. Special Holy Communion : 6.00 a.m. 1st day of each month
27. Ministers' Meeting : 6.00 p.m. First Saturday
28. Parents' Prayer : 4.00 p.m. First Sunday
29. Night Prayer : 9.30 p.m. Third Friday
30. Fasting Prayer : 9:30 a.m. Second Saturday
31. Holy Communion : Second Sunday Services
32. Youth / Kid Prayer : 10.00 p.m. daily (over phone)
33. Staff Devotion : 9.00 a.m. daily
34. Office : 9.00 a.m. to 9.00 p.m. (except Sundays)

## কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

### ১। বাইবেলকোর

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্ব্বাদ পাবেন।

### ২। ডাক মারফত ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রম

থিওলজিকাল করেসপণ্ডেস কোর্স নামে অভিহিত অ্যাডভানস্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্ব্বাদ করুন।

*বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।*

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, **Post Box 2957**
CHEPAUK, CHENNAI - 600 005.
**Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,**
**Cell : 98410 71852, 95661 31858**
**E.mail : biblecor@yahoo.co.in**

## বিনামূল্যে মাসিক পত্রিকা
## আহ্বানের প্রতিধ্বনি
### লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | |
|---|---|
| **Account Name** | **: ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | **: 1023 2923 805** |
| **Bank Name** | **: STATE BANK OF INDIA** |
| **Branch** | **: TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | **: SBIN 0000249** |
| **SWIFT Code** | **: SBI NIN BB 455** |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

## সম্ভ্রমকারী ঈশ্বরের হাতের অপূর্ব পরিচর্যাকারীগণ

আমরা যখন সুসমাচারের বিভিন্ন পরিচর্যাকারীদের জীবনের ইতিহাসের দিকে ফিরে তাকাই, তখন দেখতে পাই আমাদের পিতা ঈশ্বর তাদের তত্ত্বাবধানের বিষয় এবং সমস্ত পরিস্থিতিতে তাঁর পরিচর্যাকারীদের সমস্ত প্রয়োজনগুলি পূরণের বিষয়ে সর্বদা বিশ্বস্ত থেকেছিলেন। সমস্ত পরিচযাকারীগণ অভাব ছাড়া না থাকলেও, তাদের সফল করার বিষয়ে তিনি বিশ্বস্ত থেকেছেন। তিনি কখনও তাদের সান্ত্বনাহীন অবস্থায় ছেড়ে চলে যাননি।

১৯৮২ সাল নাগাদ, আমি চেন্নাইয়ের (মাদ্রাজের) একটি গ্রামে সুসমাচার প্রচার করার জন্য আমন্ত্রিত হয়েছিলাম। সারাদিনের অনুষ্ঠান ছিল। আমাকে ট্রেন ধরে সেখানে যেতে হয়েছিল। প্রাথমিক ব্যবস্থাপনা সম্পন্ন করার জন্য আমার কয়েকজন সহকর্মী আগের দিন সেখানে চলে গিয়েছিল। নির্দিষ্ট দিন খুব সকালে, আমি অনুষ্ঠানের জন্য প্রস্তুত হয়েছিলাম এবং অনেক প্রার্থনার পর, আমি স্টেশনে গিয়েছিলাম। কিন্তু আন্তরিকভাবে চেষ্টা করার পরেও আমি ট্রেনের টিকিটের জন্য প্রয়োজনীয় টাকা জোগাড় করতে পারিনি। টিকিট কেনার জন্য আমার মানিব্যাগে কোনও টাকা ছিল না।

আমি যখন রেলওয়ে স্টেশনে পৌঁছেছিলাম, সেখানে টিকিট কাটার জন্য দীর্ঘ লাইন পড়েছিল। যেহেতু ঐ গ্রামের অনুষ্ঠানটিতে আমার উপস্থিত থাকার খুব প্রয়োজন ছিল, সেহেতু সেখানে যাওয়া ছাড়া আমার কাছে আর অন্য কোনও উপায় ছিল না। সুতরাং আমি লাইনে দাঁড়িয়েছিলাম, আর মনে হচ্ছিল অন্যদের মতো আমার মানিব্যাগেও যথেষ্ট টাকা আছে ট্রেনের টিকিট কাটার জন্য। আমার আত্মায়,আমি বিশ্বাস করেছিলাম যে ঈশ্বর অলৌকিক কাজ করবেন।

একটু একটু করে লাইন এগোচ্ছিল। সামনের লোকেরা তাদের মানিব্যাগ খুলছিল এবং তারা প্রয়োজনীয় টাকার নোট বের করছিল এবং বাকী পাওনা বুঝে নিচ্ছিল। কিন্তু আমি ঈশ্বরের একজন সাধারণ দাস যার মানিব্যাগে কোনও টাকা নেই, বুঝতে পারছিলাম না যখন আমার টিকিটের জন্য টাকা দেওয়ার পালা আসবে তখন আমি কি করবো। আমার হৃদস্পন্দন বৃদ্ধি পাচ্ছিল। অবশেষে আমার টাকা দেওয়ার এবং টিকিট নেওয়ার পালা এসেছিল। আমি জানতাম না কি করবো। টিকিট কাউন্টারে যে ব্যক্তি ছিলেন, তিনি আমাকে জিজ্ঞাসা করেছিলেন, "আপনি কোথায় যেতে চান?" যখন আমি আমার মুখ খুললাম এবং বললাম, "আমি যেতে চাই.....", সঙ্গে সঙ্গে আমার পেছন থেকে একজন ব্যক্তিকে ক্লার্ককে উদ্দেশ্য করে বলতে শুনলাম, "স্যার, প্লিজ ওনার কাছ থেকে টাকা নেবেন না; আমিও ওনার সঙ্গে যাচ্ছি। আমি উনার টাকাটাও দিয়ে দেব...।" কাউন্টারের লোকটি আমাকে টাকা না দিতে অনুরোধ করলেন, যেহেতু অন্য ব্যক্তিটি তার বন্ধু ছিলেন!

আমার হৃদয় ভেঙ্গে টুকরো টুকরো হয়ে গিয়েছিল। আমি নিজেকে সামলাতে পারছিলাম না। আমি সেই স্থান থেকে চলে এসেছিলাম এবং এই ক্ষুদ্র দাসের প্রতি আমার প্রভুর চিন্তার বিষয়টি উপলব্ধি করে আমি একটি শিশুর মতো কেঁদেছিলাম। তারপর সেই ভাই আমার টিকিটটাও কেটেছিলেন এবং আমি টিকিট পেয়েছিলাম। আমরা একসাথে যাত্রা করেছিলাম এবং আমি আমার অসুবিধার বিষয়টি এবং সেদিন প্রভুর মধ্যস্থতার বিষয়টি তার সঙ্গে সহভাগিতা করেছিলাম। তিনিও চোখের জল ফেলেছিলেন এবং ঈশ্বরকে ধন্যবাদ দিয়েছিলেন। ঈশ্বর দিনটিকে প্রচুর আশীর্বাদ করেছিলেন।

প্রিয় পাঠক, আপনার সমস্ত প্রয়োজনের জন্যেও প্রভু যীশু খ্রীষ্ট যথেষ্ট। যদি প্রভু আপনাকে তাঁর পরিচর্যা কাজের জন্য আহ্বান করে থাকেন, দ্বিধা বা বিলম্ব করবেন না।

**"আমি তোমাদিগকে অনাথ রাখিয়া যাইব না"** ( যোহন ১৪:১৮)!

************

*(ক্রমশঃ ৬ পৃষ্ঠার পর থেকে)*

পরিত্যাগ করেছিলেন। তথাপি ঈশ্বর তাঁর পছন্দের বিষয় বিশ্বস্ত ছিলেন।

আপনি যেই হন না কেন- ঈশ্বর বিশ্বস্ত থাকবেন!

### (খ) মোশি

মোশি যখন সমস্ত আত্ম-বিশ্বাস এবং উচ্চাকাঙখা হারিয়ে ফেলেছিলেন তখন ঈশ্বর তাকে আহ্বান করেছিলেন। তিনি নিজেকে নেতৃত্ব দিতে সক্ষম মনে করেননি। মেষপালকের জীবনেই সন্তুষ্ট থাকাকালীন, একটি জ্বলন্ত ঝোপের মধ্যে তিনি ঈশ্বরের সম্মুখীন হয়েছিলেন এবং একের পর এক অজুহাতের দ্বারা তিনি সাড়া দিয়েছিলেন ( যাত্রা ৩ এবং ৪)।

ঈশ্বরের উদ্দেশ্য আমাদের জীবনে গ্রহণ না করে আমাদের মধ্যে কত জন আমরা একইভাবে "অজুহাতের পর অজুহাত" দেখাই?

মোশির তার নিজের সম্পর্কে ধারণা এবং তার সম্পর্কে ঈশ্বরের ধারণার মধ্যে কত পার্থক্য তা লক্ষ করুন:

যাত্রা ৩:১১ : **"... আমি কে, যে ফরৌণের নিকটে যাই, ও মিসর হইতে ইস্রায়েল-সন্তানদিগকে বাহির করি ?**

যাত্রা ৪:১: **"...তাহারা আমাকে বিশ্বাস করিবে না, ও আমার রবে মনোযোগ করিবে না..."**

যাত্রা ৪: ১০: **"...আমি বাকপটু নহি..."**

যাত্রা ৪:১৩: **"প্রভু, বিনয় করি,যাহার হাতে পাঠাইতে চাও, পাঠাও..."**। (প্রভু আপনার দাসকে ক্ষমা করুন, আপনি অনুগ্রহ করে অন্য কাউকে পাঠান।) এটি মোশির নিজের সম্পর্কে-ধারণাটি প্রতিফলিত করে - দ্বিধাগ্রস্ত, নিরাপত্তাহীন, এবং অযোগ্য।

কিন্তু এখন ঈশ্বরের দৃষ্টিভঙ্গি বিবেচনা করুন।

যাত্রা ৩:১০: **"অতএব এখন আইস, আমি তোমাকে ফরৌণের নিকটে প্রেরণ করি,তুমি মিসর হইতে আমার প্রজা ইস্রায়েল-সন্তানদিগকে বাহির করিও।"**

ঈশ্বর মোশিকে একজন ত্রাণকর্তা, নেতা, রক্ষাকর্তা, এবং তাঁর প্রজাদের উদ্ধারকারী হিসাবে দেখেছিলেন। যখন মোশি নিজের প্রতি দ্বিধাগ্রস্ত ছিলেন, ঈশ্বর তাঁর উপর এক স্বর্গীয় কর্মভার অর্পণ করেছিলেন। সম্ভবত, আপনি যখন এই বাণীটি পড়ছেন, তখন ঈশ্বর আপনাকে নিজের সীমা সম্পর্কিত কয়েকটি আত্ম-ধারণার সম্মুখীন করছেন। এটাই হচ্ছে ঈশ্বরের দৃষ্টিভঙ্গির মাধ্যমে নিজেকে দেখতে শুরু করার সময়।

ঈশ্বরকে সীমাবদ্ধ করবেন না। ঈশ্বর যখন মোশিকে আহ্বান করেছিলেন তখন মোশির ৮০ বছর বয়েস হয়েছিল। মানুষের প্রত্যাশার সঙ্গে ঈশ্বরের সময়ের খুব কমই মিল থাকে। মোশির অক্ষমতাগুলি সম্পর্কে ধারণাই একটি মঞ্চ তৈরী করেছিল যার উপর ঈশ্বরের ক্ষমতা প্রদর্শিত হয়েছিল। এখন মূল চাবিকাঠি হচ্ছে সমর্পণ-সমস্ত কিছু তাঁর পদতলে রাখা।

## (গ) দাউদ



*তাঁর অন্তকরণের জন্য ঈশ্বর দাউদকে মনোনীত করেছিলেন*

দাউদ কোনও বিখ্যাত পরিবারের সন্তান ছিলেন না। তাঁর কোনও মর্যাদাপূর্ণ শিক্ষাদীক্ষা এবং পারিবারিক অবস্থাও ছিল না। এমনকি তিনি তাঁর পরিবারের দ্বারাও উপেক্ষিত ছিলেন। অভিষিক্ত হওয়া সত্ত্বেও, সব থেকে ছোট পুত্র হিসাবে তিনি উপেক্ষিত হয়েছিলেন, প্রায়ই তাকে ভুলে যাওয়া হতো- তথাপি তিনি ইস্রায়েলের মহান রাজায় পরিণত হয়েছিলেন।

**ঈশ্বর দাউদের চেহারার জন্য তাকে পছন্দ করেননি কিন্তু তার অন্তকরণের জন্য তাকে মনোনীত করেছিলেন** (১ শমূয়েল ১৬:৭)।

এমনকি দাউদ যখন ভয়ঙ্কর পাপ করেছিলেন, যদিও ঈশ্বর তাঁর পুত্রকে কেড়ে নিয়ে তাকে শাস্তি দিয়েছিলেন, তারপরেও দাউদ যখন অনুতাপ করেছিলেন তখন ঈশ্বর তাঁর উপর দয়া করেছিলেন এবং তার প্রতি বিশ্বস্ত হয়েছিলেন। ঈশ্বর তাঁর প্রেম তুলে নেননি। তিনি দাউদকে মনোনীত করেছিলেন!

## (ঘ) শিষ্যগণ

যীশুর বারোজন শিষ্য বিভিন্ন এবং গুরুত্বহীন শিক্ষাদীক্ষা এবং পারিবারিক অবস্থার মধ্যে থেকে এসেছিলেন - মথি , একজন করগ্রাহী; শিমোন, একজন উদ্‌যোগী নামে আখ্যাত ছিলেন; বেশ কয়েক জন অশিক্ষিত মৎস্যধারী ছিলেন। এরা সকলেই সাধারণ লোক ছিলেন, ত্রুটিপূর্ণ এবং প্রায়ই ব্যর্থ ছিলেন, সুসমাচারে আমরা তাদের যেরূপ দেখেছি।

তথাপি, যীশু খ্রীষ্ট কখনও তাদের আহ্বান নিয়ে নেননি। প্রেরিত পুস্তকে, পঞ্চাশত্তমীর পর আমরা তাদের মধ্যে মৌলিক রূপান্তর দেখতে পাই, প্রতিদিন লোকদের মধ্যে কাজের মাধ্যমে তারা ঈশ্বরের শক্তি প্রকাশ করেছিলেন।

প্রিয় বন্ধুগণ,

আমরা আমাদের শিক্ষাগত যোগ্যতার জন্য মনোনীত হইনি, কিন্তু ঈশ্বরের সার্বভৌম ইচ্ছা এবং অব্যর্থ প্রেমের কারণে আমরা মনোনীত হয়েছি। তাঁর পছন্দগুলি মানুষের যুক্তি বুদ্ধির উর্দ্ধে।

তিনি তাঁর শক্তি প্রদর্শিত করার জন্য দুর্বলদের বেছে নেন। তিনি বুদ্ধিমানদের লজ্জিত করার জন্য মূর্খদের ব্যবহার করেন। তিনি অস্তিত্ব নেই এমন বিষয়গুলিকে অস্তিত্বলাভে আহ্বান করেন। তিনি এতো অধিক করতে পারেন যা আমরা চাইতে পারি না অথবা কল্পনাও করতে পারি না।

এটাই আমাদের ঈশ্বরের ক্ষমতা।

তিনি তাঁর গৌরবের জন্য যে কোনও লোককে ব্যবহার করতে পারেন - তাঁর পছন্দগুলি উদ্দেশ্য প্রণোদিত!

মনে রাখবেন: আপনি ঈশ্বর কর্তৃক মনোনীত।

নিজের হাতে তোলা। উদ্দেশ্য প্রণোদিতভাবে স্বর্গীয় উদ্দেশ্যে মনোনীত- ফলবহন করার জন্য। ঈশ্বর সেই ধরণের জীবন প্রত্যাশা করেন যা ফল উৎপন্ন করে।

আমি প্রার্থনা করি যাতে ঈশ্বর আমাদের প্রত্যেককে তাঁর গৌরবের জন্য ফলবহনকারী জীবন দানের জন্য শক্তি দেন, কারণ তিনি যখন ফিরে আসবেন, তখন তিনি ফলের অন্বেষণ করবেন।

************

**URGENT NEED for CHRISTIAN OFFICE**

**1. COMPUTER OPERATORS**

**2. PRINTING PRESS OPERATORS**

**Contact : (+91) 98412 71858, E.mail : sam@echoofhiscall.org**

**NOTICE**

Please store the Mobile Phone numbers (+91) 98410 71858, (+91) 98412 71858 of Pastor S. Sam Selva Raj on your mobile phones.

- Editor

Posted at "Egmore RMS Patrika Channel" RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/24-26 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/24-26

## Echo of His Call

**YouTube**
**Please subscribe**

Kindly view and subscribe our **Echo of His Call YouTube Channel** when you get time. Thanks.

**- Editor**

## OUR BANK DETAILS:

### *1. Bank : State Bank of India*

| | | |
|---|---|---|
| Branch | : | **Triplicane, Chennai-5** |
| Name | : | **S. Sam Selva Raj** |
| A/C No. | : | **1023 2934 679** |
| IFSC | : | **SBIN 00 00 249** |
| SWIFT CODE | : | **SBI NIN BB 455** |

### *2. Bank : ICICI Bank*

| | | |
|---|---|---|
| Branch | : | **Anna Salai, Chennai-6** |
| Name | : | **Echo of His Call** |
| A/C No. | : | **6038 0502 2319** |
| IFSC | : | **ICIC 000 6038** |

### *3. Bank : State Bank of India*

**(This Account is for Tax Exemption for Indians only )**

| | | |
|---|---|---|
| Branch | : | **Triplicane, Chennai-5** |
| Name | : | **Echo of His Call Educational Trust** |
| A/C No. | : | **1023 2923 805** |
| IFSC | : | **SBIN 00 00 249** |

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**
*****
**E.mail : sam@echoofhiscall.org**

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিণ্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

**ECHO OF HIS CALL**
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852, 95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.org

**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**

**RNI NO. 70104/98**
**Postal Regn. No. TN/CH/(C)/205/24-26**
**WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/24-26**
**Date of Publication: Second week of every month**
**Date of Posting : 13th & 14th of every month**
**Posted at "Egmore RMS Patrika Channel"**
**on 14th JULY 2025**
**If un-delivered please return to:**
**ECHO OF HIS CALL (BENGALI)**
**P.O. Box No. 2957,**
**Chepauk, Chennai - 600 005, INDIA.**
**Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766**

## *JESUS LOVES YOU!*

**To**

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers,** New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**